

উখিয়া ও টেকনাফে রোহিঙ্গা শরণার্থী ক্যাম্পে নিয়মিত যাতায়াত করা মানবাধিকার কর্মীদের জন্য কভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে করণীয় বিষয়ক নির্দেশনাবলী

“সামাজিক দূরত্ব” এবং “পরিবেশ পরিচ্ছন্নতা” বজায় রাখার মাধ্যমে কভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে যাত্রী, গাড়ি চালক এবং সাহায্যপ্রাপ্ত জনগোষ্ঠীর করণীয় বিষয়বলী নীচে উল্লেখ করা হল –

- ক্যাম্পসমূহে অপ্রয়োজনীয় যাতায়াত পরিহার করুন। সুপারভাইজারের অনুমতি সাপেক্ষে শুধুমাত্র নির্দিষ্ট এবং যৌক্তিক কারণ থাকলেই ক্যাম্পে যাওয়া যাবে;
- প্রতিটি যানবাহনে হ্যান্ড স্যানিটাইজার, টিস্যু, থার্মোমিটার এবং পরিচ্ছন্নতা বজায় রাখার সরঞ্জামাদি থাকা বাধ্যতামূলক;
- যানবাহনে প্রবেশের পূর্বে এলকোহল-বেইজড হ্যান্ড স্যানিটাইজার দিয়ে প্রতি যাত্রী হাত পরিষ্কার করে নিবেন। বিষয়টি গাড়ি চালক নিশ্চিত করবেন;
- যাত্রা শুরুর পূর্বে প্রতি যানবাহনের চালক যাত্রীর কাছে জানতে চাইবেন যে তার কাশি, গলা ব্যথা, জ্বর বা ঠাণ্ডা লাগার লক্ষণ আছে কিনা। উখিয়া ও টেকনাফে যাত্রার পূর্বে সকল চালক যাত্রীদের শরীরের তাপমাত্রা থার্মোমিটারের সাহায্যে মাপে নিবেন। যাত্রী পদমর্যাদায় যাই হোক না কেন, যদি তার শরীরের তাপমাত্রা ১০০ ফারেনহাইট (৩৮ সেলসিয়াস) এর বেশী থাকে, তাহলে চালককে অনুরোধ করা হচ্ছে যেন তিনি যাত্রী পরিবহনে অসম্মতি জানায়। উপরোক্ত লক্ষণ থাকলে (এমনকি খুব সামান্য মাত্রায় হলেও) যদি কোন কর্মকর্তা/কর্মচারী চাকরী ক্ষেত্রে না আসেন তাহলে প্রতিষ্ঠানকে অনুরোধ করা হচ্ছে যেন তাদের বিরুদ্ধে পদক্ষেপ না নেয়া হয়;
- যানবাহন পরিচালনার সময় জানালা খোলা রাখা উৎসাহিত করুন। খোলা বাতাস চলাচলের সুযোগ প্রাধান্য দিতে হবে;
- গাড়ির ভেতরে অবস্থানকালেও শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে। কমপক্ষে তিন ফিট (এক মিটার) জায়গা ফাঁকা রেখে যাত্রীরা যানবাহনের মাঝে অবস্থান করবেন। মিনিবাসে যাত্রাকালে দুই জনের মাঝে একটি সীট ফাঁকা রেখে বসার চেষ্টা করবেন;

- ড্যাশবোর্ড, গাড়ির দরজার হাতল এবং সীট কভার একটি গাড়ির ভেতরের সবথেকে ঝুঁকিপূর্ণ জায়গা, কারণ এগুলোতে সবথেকে বেশী স্পর্শ লাগে। প্রতি যাত্রার শুরুতে গাড়ির চালক এসমস্ত জায়গা ০.০৫% ক্লোরিন (ব্লিচ) সল্যুশন বা ডিটারজেন্ট মিশ্রিত পানি বা ৭০% এলকোহল সম্পন্ন যেকোনো সল্যুশন দিয়ে মুছে পরিষ্কার করে নিবেন। এছাড়াও কার্যদিবসের শুরুতে এবং শেষে গাড়ি গ্যারেজে ঢুকানোর পূর্বে একই নিয়মে পরিষ্কার করে নিতে হবে;
- সকল যাত্রীকে কফ এটিকেট/রেস্পিরেটরি এটিকেট (কাশি শিষ্টাচার) মেনে চলতে অনুরোধ করা হচ্ছে। বিশেষ করে গাড়িতে অবস্থানকালে এই চর্চা আরও বেশী প্রয়োজন। এর মানে হল যে হাঁচি/কাশির সময় অন্যান্য যাত্রীদের থেকে দূরে মুখ সরিয়ে টিস্যু বা রুমাল দিয়ে নাক-মুখ ঢেকে রাখা, ব্যবহারের পর নির্দিষ্ট জায়গায় টিস্যু/রুমাল সরিয়ে রাখা, এবং পরবর্তীতে হাত পরিষ্কার করে ফেলা। টিস্যু বা রুমাল না থাকলে হাতের কনুইয়ের ভাঁজেও হাঁচি/কাশি দেয়া যায়;
- দরকার হলে সারজিকাল মাস্ক ব্যবহার করুন। তবে উপরে উল্লেখিত নিয়মসমূহ মেনে চললে এবং কোন ঝুঁকির লক্ষণ না থাকলে এধরণের মাস্ক ঝুঁকিপূর্ণ অবস্থায় স্বাস্থ্য সুরক্ষায় কর্মরত ব্যক্তি এবং রোগীদের ব্যবহারের জন্য উৎসাহিত করা উচিত।

এই বিষয়ে আরও তথ্যের জন্য <https://www.who.int/emergencies/diseases/novel-coronavirus-2019> ওয়েব লিঙ্কের সাহায্য নেয়া যেতে পারে, অথবা বিশ্ব স্বাস্থ্য সংস্থার কক্সবাজার ইমার্জেন্সি সাব-অফিসে যোগাযোগ করা যেতে পারে।